...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

**বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ০৬/০২/২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ০২ .০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ, গাজীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ গাজীপুর। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব রুজিনা সুলতানা ২০২২-২৩ অর্থবছরে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিটিজেন চার্টারের সূচক ২.২.১ অনুযায়ী কার্যক্রম সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজনের বাধ্যবাধকতা সভায় তুলে ধরেন।

অধ্যক্ষ, গাজীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ তার প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরেন। পর্যায়ক্রমে প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণ তাদের মতামত ব্যক্ত করেন। নবম শ্রেণির শিক্ষার্থী নাইমুল ইসলাম বলে যে সে ইলেকট্রনিক্স ট্রেডের শিক্ষার্থী। কিন্তু মাস পার হয়ে গেলেও সে এখনো সংশ্লিষ্ট বিষয়ে কোনো ক্লাস পায়নি। আরো জানায় যে কোন কোন শিক্ষক দেরি করে ক্লাসে উপস্থিত হন। সপ্তম শ্রেণির ছাত্রী কামরুন নাহার তার বক্তব্যে জানায় প্রতিষ্ঠানের সিটিজেন চার্টার নির্দিষ্ট স্থানে স্থাপন করা হয়েছে। তবে এটি ইতিপূর্বে তার দৃষ্টিগোচর হয়নি। এ বিষয়ে সে অবগত ছিল না। অভিভাবকগণের পক্ষ থেকে জনাব নাজনীন আক্তার বলেন যে অভিভাবকদের বসার জন্য তেমন কোন জায়গা নেই এবং প্রতিষ্ঠানের পরিষ্কার-পরিচ্ছন্নতাও সন্তোষজনক নয় মর্মে তিনি জানান। গণিত বিভাগের শিক্ষিকা জনাব আবিদা সুলতানা সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রতিষ্ঠানের কার্যক্রম সন্তোষজনক মর্মে অভিমত প্রকাশ করেন।

এছাড়াও, সভায় উপস্থিত অন্যান্য শিক্ষকগণ গাজীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে বিদ্যমান সমস্যা এবং এর দ্রুত সমাধান প্রাপ্তির বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

০২। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহী ত হয়:

| | | | | |
|---|---|---|---|---|
| ক্র. নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | সিটিজেন চার্টার ও ওয়েবসাইটে নির্ধারিত সেবাবক্স হালনাগাদকরণ | ত্রৈমাসিক ভিত্তিতেপ্রতিষ্ঠানের সিটিজেন চার্টার ও ওয়েবসাইটের সেবাবক্স হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়; | ত্রৈমাসিক ভিত্তিতেপ্রতিষ্ঠানের সিটিজেন চার্টার ও ওয়েবসাইটের সেবাবক্স হালনাগাদ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে; | |
| ২ | নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠানে উপস্থিতি | কোন কোন শিক্ষক দেরি করে ক্লাসে উপস্থিত হন মর্মে জনৈক শিক্ষার্থী জানায়। সময়মতো ক্লাসে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে আলোচনা হয়; | সকল শিক্ষক ও শিক্ষার্থী নির্ধারিত সময়ে স্কুলে উপস্থিত হবেন এবং উপস্থিতির বিষয়টি অধ্যক্ষ সময়ে সময়ে মনিটরিং করবেন; | অধ্যক্ষ, গাজীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ |
| ৩ | অভিভাবকদের জন্য বসার স্থান/ওয়েটিং রুমের ব্যবস্থাকরণ | অভিভাবকদের বসার জন্য উপযুক্ত জায়গা নেই। বিষয়টি সমাধানের লক্ষ্যে অংশীজনেরা আলোচনা করেন; | অভিভাবকদের জন্য ওয়েটিং রুম অথবা বসার জন্য উপযুক্ত স্থান প্রস্তুত করতে হবে। | |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪৩.৪২.০০১.২২.৩৪

তারিখ: ২৫ মাঘ ১৪২৯
০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণঃ সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২) যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩) উপসচিব (সুশাসন অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৫) অধ্যক্ষ, গাজীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাজীপুর।

৬) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭) প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৮) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৯) অফিস কপি।

বেগম রুজিনা সুলতানা

উপসচিব